# বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

মুল রেজি নং-০৬/কে, তারিখ:- ১০/০১/২০০৪ খ্রি: সংশোধিত রেজি নং ২১/কে, তারিখ:- ০৩/০৬/২০২৪খ্রি.

গ্রাম:- কুলবাড়িয়া,পোষ্ট:-বরাতিয়া উপজেলা: ডুমুরিয়া ,জেলা:-খুলনা।

স্মারক নং-

তারিখঃ- ২৬/১০/২০২৫ খ্রিঃ

এতদ্বারা বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সকল সদস্যদের অবগতির জন্য জানান যাচ্ছে যে,সমিতির ব্যবস্থাপনা কমি ০১/১০/২০২৫ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৩/১২/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য সমিতির বিশেষ সাধারণ সভার মাধ ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের নিমিত্ত নির্বাচন কমিটির গত ২৬/১০/২০২৫ খ্রিঃ তারিখের সভায় প্রণীত ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফ সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্নরূপভাবে ঘোষণা করা হ'ল।

**নির্বাচনী তফসিল/২০২৫ খ্রিঃ**

| ক্রঃন | কর্মসূচী | স্থান | তারিখ | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র বিতরণ। | সমিতির কার্যালয় | ০৪/১১/২০২৫ খ্রিঃ ও ০৫/১১/২০২৫ খ্রিঃ | সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত। | নির্বাচন কমিটিমনোনয়নপত্র বিতরণ করবেন। |
| ০২ | মনোনয়নপত্র জমাদানের তারিখ। | সমিতির কার্যালয় | ১১/১১/২০২৫ খ্রিঃ | সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত | নির্বাচন কমিটি জমা গ্রহণ করবেন। |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই। | সমিতির কার্যালয় | ১৩/১১/২০২৫ খ্রিঃ | সকাল ১০ টা | প্রার্থী বা তার প্রতিনিধি উপস্থি থাকবেন। |
| ০৪ | মনোনয়নপত্র বাছাইঅন্তে প্রার্থীর খসড়া তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ১৩/১১/২০২৫ খ্রিঃ | দুপুর ১২ টা | -- |
| ০৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভূক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিল কৃত প্রার্থীর আপীল আবেদন দাখিল | জেলা সমবায় কার্যালয়, খুলনা | ১৬/১১/২০২৫ খ্রিঃ ও ১৭/১১/২০২৫ খ্রিঃ (দুই কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে। | জেলা সমবায় অফিসার, খুলনা |
| ০৬ | আপিলের শুনানী ও নিষ্পোত্তি। | জেলা সমবায় কার্যালয়, খুলনা | ১৮/১১/২০২৫ খ্রিঃ ১৯/১১/২০২৫ খ্রিঃ ও ২০/১১/২০২৫ খ্রিঃ (তিন কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে। | জেলা সমবায় অফিসার, খুলনা |
| ০৭ | নির্বাচন কমিটি কর্তৃক বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ। | সমিতির নোটিশ বোর্ড | ২১/১১/২০২৫ খ্রিঃ | সকাল ১১.৩০ টা | নোটিশ বোর্ড |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ | সমিতির কার্যালয় | ২৪/১১/২০২৫ খ্রিঃ | সকাল ১০ টা হতে দুপুর ১২ টা পর্যন্ত | নির্বাচন কমিটি আবেদন গ্রহণ করবেন। |
| ০৯ | প্রতীক বরাদ্দ | সমিতির কার্যালয় | ২৪/১১/২০২৫ খ্রিঃ | দুপুর ১ টা হতে ০২ টা পর্যন্ত | নির্বাচন কমিটির সভাপতি কর্তৃক বরাদ্ধকরবেন। |
| ১০ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ২৪/১১/২০২৫ খ্রিঃ | দুপুর ৩ টা | -- |
| ১১ | ভোট গ্রহণ | সমিতির কার্যালয় | ০৩/১২/২০২৫ খ্রিঃ | সকাল ১০ টা হতে দুপুর ০২ টা পর্যন্ত বিরতিহীনভাবে। | -- |
| ১২ | ফলাফল ঘোষণা | সমিতিরকার্যালয় | ০৩/১২/২০২৫ খ্রিঃ | ভোট গণনা শেষে। | -- |

**নির্বাচন সম্পর্কে জ্ঞাতব্য বিষয় ঃ-**

- নির্বাচন সমবায় সমিতি আইন/০১, সমবায় সমিতি আইন (সংশোধিত ২০০২ও ২০১৩) , সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এবং সংশ্লিষ্ট সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক পরিচালিত হবে।
- ব্যবস্থপনা কমিটির সভাপতি পদে-০১ জন, সহ- সভাপতি পদে-০১ জন, সম্পাদক পদে-০১ জন, কোষাধ্যক্ষ পদে -০১ জন এবং সদস্য পদে -০২ জন সহ মোট = ০৬ (ছয়) টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।
- সমিতির ব্যবস্থাপনা কমিটির বিগত ০১/১০/২০২৫ খ্রিঃ তারিখ সভার সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে আগ্রহী প্রত্যেক প্রার্থীকে নিধারিত হারে অফেরৎযোগ্য জামানত প্রদান করে মনোনয়নপত্র নির্বাচন কমিটির নিকট থেকে সংগ্রহ করতে পারবে।
- মনোনয়নপত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তাঁর প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

- মনোনয়ন প্রত্রের সাথে প্রার্থীর ০১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং উপজেলা/ জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষর করিয়া জমা দিতে হইবে. মনোনয়ন পত্র ক্রয়ের রশিদ এবং বয়স প্রমানের জন্য মনোনয়নের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন/০১ এর ১৯ ধারা এবং সমবায় সমিতি আইন (সংশোধিত) ২০০২ এর ১৮(৮) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৪ বিধি ও সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।
- ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন/২০০১ এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৮৮ (৩) বিধি অনুসরন করতে হবে।
- প্রতীক সমূহঃ-

**(ক) সভাপতি পদের প্রতীক- চেয়ার, ছাতা, দোয়াত কলম, মটর সাইকেল।**
**(খ) সহ-সভাপতি পদের প্রতীক- মাছ, মই, আনারস, মোমবাতি, প্রজাপতি,**
**(গ) সম্পাদক পদের প্রতীক- হরিণ, মোরগ, আপেল, ঘুড়ি, হারিকেন।**
**(ঘ) কোষাধ্যক্ষ পদের প্রতীক- মোবাইল, কলম, ল্যাপটপ ও আলমিরা**
**(ঘ) সদস্য পদের প্রতীক- দেয়াল ঘড়ি, বই,হাতি, তরবারী, কুড়াল,গরুর গাড়ি।।**

প্রকাশ থাকে যে,উপরিল্লিখিত পদে প্রার্থীর সংখ্যা বেশী হলে নির্বাচন কমিটি প্রতীক বরাদ্দের সময়ে বর্ণিত প্রতীক ভিন্ন অন্য প্রতীক বরাদ্দ করবেন।

- চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবে না।
- মনোনয়ন পত্রের কোন ফটোকপি গ্রহন যোগ্য নয়।
- মনোনয়ন পত্রে কোন ধরননের ঘষামাজা, কাটাকাটি ও ফ্লুইড ব্যবহার করা যাবে না।
- কোন প্রার্থী একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করতে পারিবে না।
- কোন ঋণখেলাপীসদস্য,নির্বাচনে অংশগ্রহন করতে পারবে না এবং সমিতিতে নিয়োজিতকোন কর্মচারী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবে না
- সদস্য ব্যাতিত কেহ নির্বাচনী এজেন্ট হতে পারবে না।
- ব্যালট পেপারে প্রার্থীগণের নামের অদ্যাক্ষর অনুসারে নাম সন্নিবেশিত হবে এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।
- নির্বাচন সংক্রান্ত বিষয়ে কারও কোন জিজ্ঞাসা থাকলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সভাপতির নিকট থেকে জানা যাবে।
- প্রত্যেক প্রতিদ্বন্ধী প্রার্থীকে সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত দিনের ৩৬ ঘন্টা পূর্বে নির্বাচনী কার্যক্রম সংক্রান্ত প্রচারনা অবশ্যই বন্ধ করতে হবে।

(প্রকাশ রঞ্জন মন্ডল)
সদস্য,
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২৫
বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
গ্রাম:- কুলবাড়িয়া,পোষ্ট:- বরাতিয়া
উপজেলা: ডুমুরিয়া, জেলা:-খুলনা।

(অচিন্ত্য কুমার হালদার)
সদস্য,
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২৫
বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
গ্রাম:- কুলবাড়িয়া,পোষ্ট:- বরাতিয়া
উপজেলা: ডুমুরিয়া, জেলা:-খুলনা।

(সরদার জাহিদুর রহমান)
সভাপতি,
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২৫
বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
গ্রাম:- কুলবাড়িয়া,পোষ্ট:- বরাতিয়া
উপজেলা: ডুমুরিয়া, জেলা:-খুলনা।
তারিখঃ- ২৬/১০/২০২৫ খ্রিঃ।

স্বারক নং- ০১(২৫)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ-

১, জনাব..............................................................সদস্য (সকল) বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ গ্রাম:- কুলবাড়িয়া,পোষ্ট:- বরাতিয়া উপজেলা: ডুমুরিয়া, জেলা:-খুলনা।

২, জনাব..............................................................সদস্য, নির্বাচন কমিটি, ক্রমিক নং ২ ও ৩ এ বর্ণিত সম্মানিত নির্বাচন কমিটির সদস্যদ্বয়কে নির্বাচনের তফসিলে বর্ণিত তারিখের প্রতি কর্মকান্ড সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা গেল।

৩,সভাপতি/সম্পাদক,ব্যবস্থাপনা কমিটি,বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ গ্রাম:- কুলবাড়িয়া,পোষ্ট:- বরাতিয়া উপজেলা: ডুমুরিয়া, জেলা:-খুলনা।।তাঁকে সমিতির সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলকে অত্র নির্বাচনী তফসিল অতীব জরুরী ভিত্তিতে জারী করা সহ নোটিশ বোর্ডে সকল সদস্যদের জ্ঞাতার্থে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।

৪,উপজেলা সমবায় অফিসার,ডুমুরিয়া,খুলনা।

৫,জেলা সমবায় অফিসার,খুলনা।

৬, নোটিশ বোর্ড।

(সরদার জাহিদুর রহমান)
সভাপতি,
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২৫
বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
গ্রাম:- কুলবাড়িয়া,পোষ্ট:- বরাতিয়া উপজেলা: ডুমুরিয়া, জেলা:-খুলনা